ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
জাহানাবাদ সেনানিবাস, খুলনা ।
www.cbj.gov.bd

স্মারক নং- ২৩.২২.৭০১২.০২৭.০৭.০০২.২০২২- ৪০

১৭ আষাঢ় ১৪৩২
তারিখ: --------------------।
০১ জুলাই ২০২৫

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যান্টনমেন্ট বোর্ড জাহানাবাদ সেনানিবাসের পুরাতন জরাজির্ণ অফিস ভবন নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী দরদাতাগণ **আগামী ০৮ জুলাই ২০২৫ তারিখ বেলা ১০:০০ ঘটিকা হতে ১২:০০ ঘটিকা পর্যন্ত ক্যান্টনমেন্ট বোর্ড অফিস জাহানাবাদ সেনানিবাসে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।** একই তারিখ রেলা ১২:০৫ দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। নিলামের অন্যান্য তথ্যাদি ক্যান্টনমেন্ট বোর্ড জাহানাবাদ সেনানিবাস হতে জানা যাবে।

**নিলামের শর্তাবলী**

১। এ দপ্তর হতে সংগ্রহকৃত ফরমে দরপত্র দাতার নাম, পিতার নাম, পূর্ণ ঠিকানা (অস্থায়ী এবং স্থায়ী) মোবাইল নম্বরসহ স্পষ্টভাবে লিখতে হবে।

২। প্রদত্ত দর স্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রে উল্লিখিত দর কাটাকাটি/ঘষামাজা করা যাবে না।

৩। দরপত্র দাতাকে দরপত্রের সাথে জামানত হিসাবে প্রদত্ত দরের ২৫% সমপরিমাণ অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাসের অনুকূলে জমা করতে হবে। সর্বোচ্চ দরদাতা ব্যতীত অন্যান্য দরদাতাকে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।

৪। দরপত্রে ব্যাংক ড্রাফট নং, টাকার পরিমাণ ও ব্যংকের নাম উল্লেখ করতে হবে।

৫। দরপত্র গৃহীত হলে ০৩ (তিন) দিনের মধ্যে সমূদয় অর্থ (জামানত সমন্বয়পূর্বক) ৫% উৎসে আয়কর এবং ১৫% ভ্যাটসহ পে-অর্ডার/নগদ অর্থ এ দপ্তরে জমা প্রদান করতে হবে।

৬। প্রাপ্ত সর্বোচ্চ বৈধ দর যথেষ্ট বিবেচিত না হলে কর্তৃপক্ষ উক্তদর বহাল রেখে পূণঃবিজ্ঞপ্তি আহ্বান করতে পারবেন।

৭। ভবন পরিদর্শনের জন্য অফিস চলাকালীন সময়ে এ দপ্তরে যোগাযোগ করার জন্য বলা হলো।

৮। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরদাতার দরপত্র গ্রহণ/বিবেচনা করা হবে না।

৯। কোন কারণ দর্শনো ব্যতিরেকে দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০১/৭/২৫

(রুবাইয়া তাছনিম)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
জাহানাবাদ সেনানিবাস,খুলনা।
☎ ০২৪৭৭০৭০২২

অনুলিপিঃ সদয় অবগতির জন্য:

১। মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস ।

২। স্টেশন সদর দপ্তর, জাহানাবাদ সেনানিবাস, খুলনা - নির্ধারিত তারিখ ও সময়ে জিডিও এবং আপনার একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (----------------------) - নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৪। এজিই (আর্মি), জাহানাবাদ সেনানিবাস, খুলনা - নির্ধারিত তারিখ ও সময়ে আপনার একজন প্রতিনিধি উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৫। নোটিশ বোর্ড/ওয়েবসাইট ক্যান্টনমেন্ট বোর্ড, জাহানাবাদ সেনানিবাস, খুলনা।